Notice

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

০২ জ্যৈষ্ঠ, ১৪২৫

পত্র নং-১৮.০০.০০০০.০২৩.২৬.০৩১.১৭-৮১ তারিখঃ--------------------

১৬ মে, ২০১৮

## সভার নোটিশ

"সরকারি খাতে পণ্য পরিবহণের জন্য জাহাজ ভাড়াকরণ নীতিমালা, ২০১৮" এর খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান, এম.পি এঁর সভাপতিত্বে আগামী ২৪-০৫-২০১৮ তারিখ বেলা ৩-০০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে (ভবন-৬, কক্ষ নং-৮০৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার কিংবা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। "সরকারি খাতে পণ্য পরিবহণের জন্য জাহাজ ভাড়াকরণ নীতিমালা, ২০১৮" এর উপর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার মতামত সম্বলিত খসড়া কার্যপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৬.৫.২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৮১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়,শিল্প ভবন, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা।
০৬। সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৮। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১৫। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), শেরেবাংলা নগর, ঢাকা।
১৬। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১৭। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
১৮। চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি), ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
২০। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, ঢাকা।
২১। বর্তমান চার্টারিং কমিটি'র সকল সদস্য।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (জননিরপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগত কর্মকর্তাদের বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অতিরিক্ত সচিব (সংস্থা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

# সরকারি খাতে পণ্য পরিবহনে জাহাজ ভাড়াকরণ নীতিমালা, ২০১৮ (খসড়া)

| ক্রমিক নং | শিরোনাম | প্রস্তাবিত অনুচ্ছেদ | মতামত প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | মতামত | একমত পোষনকারী মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা |
|---|---|---|---|---|---|
| ১.১ | পটভূমি | বাংলাদেশের জাতীয় উন্নয়নের জন্যে একটি দক্ষ সমুদ্রগামী জাহাজ চলাচল ব্যবস্থা থাকা অপিরিহার্য। জাহাজ চালনার সুদীর্ঘ ঐতিহ্য ও সমুদ্র যাত্রার সমৃদ্ধ অভিজ্ঞতার ভিত্তিতে কর্মসংস্থানের বৃহত্তর সুযোগ সৃষ্টির লক্ষ্যে সরকার এ খাতের উন্নয়নে আগ্রহী। এতদুদ্দেশ্যে, সরকারের কার্যবিধিমালা (Rules of Business) ১৯৯৬ এর অধীন প্রনীত Allocation of Business among the different ministries and Divisions এর আওতায় শিপিং সংশ্লিষ্ট কাজ পরিচালনার দায়িত্ব সরকার কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের উপর ন্যাস্ত রাখা হয়। তদানুযায়ী আন্তর্জাতিক নৌপথে দক্ষ নৌবাণিজ্য সেবা প্রদানসহ সংশ্লিষ্ট সকল কার্য সম্পাদনের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখার উদ্দেশ্যে ১৯৭২ সনের ৫ ফেব্রুয়ারি তারিখে মহামান্য রাষ্ট্রপতির ১০নং আদেশবলে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) প্রতিষ্ঠিত হয়, যা বর্তমানে বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ দ্বারা পরিচালিত হচ্ছে।<br><br>বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর ৪নং ধারার ২(ক) উপধারা মোতাবেক জাহাজ অথবা নৌযান অর্জন করা, ভাড়া করা, ভাড়া দেওয়া, দখলে রাখা বা হস্তান্তর করার ক্ষমতা বিএসসির উপর অর্পণ করা হয়েছে। আইন প্রদত্ত ক্ষমতাবলে প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি সরকারি খাতে বিভিন্ন পণ্য পরিবহনের নিমিত্ত বিএসসি'র নিজস্ব জাহাজ ভাড়া দেওয়া এবং সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষে জাহাজ ভাড়া করার সার্বিক কার্যক্রম নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত দিক নির্দেশনার আলোকে বিএসসি অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে পরিচালনা করছে। এছাড়া জাতীয় দুর্যোগ ও সংকটকালীন পরিস্থিতিতেও আন্তর্জাতিক সমূদ্রপথে পণ্য পরিবহন কাজে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসিএর ( উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। তাই সরকারি খাতে সমূদ্র পথে পণ্য পরিবহনের নিমিত্ত জাহাজ চার্টার সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম সরকারের রূলস অব বিজনেস এর আওতায় | মন্ত্রিপরিষদ বিভাগ | পটভূমি সংক্ষিপ্ত ও যথার্থ হওয়া সমীচীন। | পরিকল্পনা, অর্থ, জ্বালানি ও খনিজ সম্পদ, বস্ত্র ও পাট জনপ্রশাসন , কৃষি এবং শিল্প মন্ত্রণালয়সহ সমূদ্র পরিবহন অধিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, বিসিআইসি, বিপিসি'র দ্বিমতসূচক মতামত নেই। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | বিশেষায়িত রাষ্ট্রীয় সংস্থা হিসেবে বিএসসি'র মাধ্যমে সম্পন্ন হওয়া অত্যাবশ্যক।<br>যেহেতু, সরকারি খাতে সমুদ্রপথে পণ্য পরিবহণের নিমিত্ত জাহাজ চার্টারিং ব্যবস্থাকে একটি সমন্বিত কাঠামোর আওতায় আনা এবং জাহাজ চার্টার সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর ৪নং ধারার ২(ক) উপধারার বিধান সুষ্টুভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে আন্তর্জাতিক ও দেশীয় নৌবাণিজ্য আইন, বিধি-বিধান এর সাথে সামঞ্জস্য রেখে বিদ্যমান চার্টারিং কমিটির Ground Rule যুগোপযোগী করে জাহাজ ভাড়াকরণ নীতিমালা প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়, সেহেতু আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ এবং অংশীজনদের (Stakeholders) সাথে আলোচনার ভিত্তিতে জাতীয় বৃহত্তর স্বার্থে সরকার কর্তৃক নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলঃ | | | |
| ১.২ | সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তণ | **১.২.১** এই নীতিমালা সরকারি খাতে পণ্য পরিবহনে জাহাজ ভাড়াকরণ নীতিমালা, ২০১৮ " নামে অভিহিত হবে।<br>**১.২.২** ইহা অবিলম্বে কাযকর হবে। | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| ১.৩ | নীতিমালার উদ্দেশ্য | ১.৩.১ আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ নৌবাণিজ্য সেবা প্রদান।<br>১.৩.২ সরকারি খাতে পণ্য পরিবহনের জন্যে জাহাজ ভাড়াকরণ সংক্রান্ত বর্তমান কার্যক্রমকে আরও অধিক স্বচ্ছ ও জবাবদিহিতার মাধ্যমে এনে সুশৃঙ্খল এবং নিয়মতান্ত্রিক উপায়ে কাজ সম্পাদন করা।<br>১.৩.৩ জাতীয় শিপিং লাইনস পরিচালনা ও উন্নয়নে সহায়তা প্রদান। | মন্ত্রিপরিষদ বিভাগ | “আমদানি রপ্তানী বৃদ্ধিকরণ” শব্দগুচ্ছ যুক্ত করা যেতে পারে। | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| ১.৪ | নীতিমালার প্রয়োগ ও প্রযোজ্যতা | সরকারি, আধা-সরকারি বা কোন আইনের অধীন প্রতিষ্ঠিত সংবিধিবদ্ধ সংস্থা বা রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান কর্তৃক সমূদ্রপথে পণ্য পরিবহনের নিমিত্ত জাহাজ ভাড়া করার যাবতীয় কার্যক্রমসমূহ এ নীতিমালা অনুযায়ী সম্পাদিত হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ | বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ভাড়া করা জাহাজ অন্তর্বর্তীকালীন সময়ে বেসরকারি খাতে পণ্য পরিবহসন ব্যবহার করা যায় | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | কি-না তা পরীক্ষা নিরীক্ষা করা যেতে পারে।<br><br>“কার্যক্রমসমূহ” শব্দের পর “অর্পিত দায়িত্বের ক্ষেত্রে” শব্দগুলো সংযোজন করা প্রয়োজন। | |
| | | | বিসিআইসি | | |
| ১.৫ | সংজ্ঞা।— | বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকলে এ নীতিমালায়-<br>১.৫.১ 'বিএসসি' অর্থ বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন;<br>১.৫.২ 'সরকার' অর্থ নৌপরিবহন মন্ত্রণালয়;<br>১.৫.৩ 'অর্পিত দায়িত্ব' অর্থ সরকারের কার্যবিধিমালা (Rules of Business) ১৯৯৬ এর অধীন প্রনীত Allocation of Business among the different ministries and Divisions এর আওতায় বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর ৪নং ধারায় বর্ণিতমতে বিএসসি'র উপর অর্পিত কার্যাবলী;<br>১.৫.৪ 'পণ্য' অর্থ জাহাজে বাহিত মাল ;<br>১.৫.৫ 'বিল অব লেডিং' অর্থ জাহাজে প্রেরিত মাল নিরাপদে পৌঁছে দেয়ার শর্তে জাহাজ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতিপত্র/পরিবহনপত্র/চালান রসিদ;<br>১.৫.৬ 'পরিশিষ্ট' অর্থ এ নীতিমালার সাথে সংযোজিত পরিশিষ্ট;<br>১.৫.৭ 'চার্টার পার্টি (Charter Party)' অর্থ জাহাজের ব্যবহার (ভাড়া ও পণ্য পরিববহন) সম্পর্কে জাহাজ মালিক ও জাহাজ ভাড়াকারীর (চার্টারার) মধ্যে সম্পাদিত লিখিত চুক্তি;<br>১.৫.৮ 'শিপিং টার্ম'অর্থ পরিশিষ্ট-১ এ উল্লিখিত GLOSSARY OF INTERNATIONAL SHIPPING TERMS **এবং সরবরাহকারী ও ক্রয়কারীর মধ্যে সরবরাহকৃত চুক্তির ভিত্তিতে নির্ধারিত** SHIPPING TERMS; | কৃষি মন্ত্রণালয় এবং বিসিআইসি | 'অর্পিত ক্রয়কার্য ' শব্দের সংজ্ঞাটি প্রস্তাবিত 'অর্পিত দায়িত্ব' সংজ্ঞার পাশাপাশি পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ অনুযায়ী সজ্ঞায়িত হওয়া আবশ্যক মর্মে মতামত প্রদান করেন। | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ১.৫.৯ 'সরকারি খাতের আমদানিকারক' অর্থ সরকারি, আধা-সরকারি বা কোন আইনের অধীন প্রতিষ্ঠিত সংবিধিবদ্ধ সংস্থা বা রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান কর্তৃক আমদানি;<br>১.৫.১০ 'শিপার (Shipper)' অর্থ যে ব্যক্তি বা প্রতিষ্ঠান জাহাজযোগে পণ্যাদি প্রেরণের ব্যবস্থা করে;<br>১.৫.১১ 'শিপ ব্রোকার (Ship Broker)' অর্থ জাহাজ কোম্পানির যে প্রতিনিধি বন্দরে জাহাজের ব্যবসা দেখাশুনা করে, জাহাজ ভাড়া করে বা খাটায়;<br>১.৫.১২ 'কনসাইনি (Consignee)' অর্থ জাহাজযোগে প্রেরিত মালের প্রাপক;<br>১.৫.১৩ 'লে-ক্যান (Laycan)' অর্থ পণ্য বোঝাই করার নিমিত্ত জাহাজ বন্দরে পৌঁছানোর নির্ধারিত সময়সীমা;<br>১.৫.১৪ 'এড্রেস কমিশন (Address Comision )' অর্থ জাহাজ ভাড়াকরণ (Chartering) ব্যবস্থাপনায় জাহাজ মালিক/জাহাজ কোম্পানির মনোনীত প্রতিনিধি কর্তৃক জাহাজ ভাড়াকারীর (চার্টারার) এজেন্টকে জাহাজ ভাড়ার মোট অর্থের উপর একটি নির্ধারিত হারে পরিশোধযোগ্য কমিশন;<br>১.৫.১৫ 'গ্রাউন্ড রূল (Ground Rule)' অর্থ সরকারি খাতে পণ্য পরিবহনের নিমিত্ত জাহাজ ভাড়াকরণ বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভার আলোচনার ভিত্তিতে সরকারের অনুমোদনক্রমে নৌপরিবহন মন্ত্রণালয় এর স্মারক নং-৪(১২)/৮২-SH.১/০৫, তারিখ: ০৭.০১.১৯৮৬ মূলে প্রনীত চার্টারিং কমিটির গ্রাউন্ড রূল;<br>১.৫.১৬ 'এমএসও (MSO)' অর্থ মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩। | | | |
| ২ | সরকারি খাতে পণ্য পরিবহনে জাহাজ ভাড়া করার | ২.১ কোন মন্ত্রণালয়/বিভাগ, রাষ্ট্রায়ত্ত বা স্বায়িত্বশাসিত সংস্থা অথবা সরকারি মালিকানাধীন কোন প্রতিষ্ঠান কর্তৃক সমূদ্রপথে পণ্য পরিবহনের নিমিত্ত জাহাজ ভাড়া করার প্রয়োজন হলে উক্ত সংস্থা জাহাজ ভাড়াকরণ সংশ্লিষ্ট ক্রয়কার্য সম্পাদনের দায়িত্ব (চাহিদাপত্র) সরকারের কার্যবিধিমালা (Rules of Business) ১৯৯৬ এর আওতায় রাষ্ট্রীয় মালিকানাধিন প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর নিকট অর্পণ করবে। উক্ত প্রস্তাব সংবলিত | পরিকল্পনা মন্ত্রণালয় | প্রস্তাবিত অনুচ্ছেদের শেষ লাইনে "প্রেরণ করা বাঞ্চনীয়" এর পরিবর্তে "প্রেরণ করতে হবে" শব্দসমূহ সংযোজন করতে হবে। | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | সাধারণ বিধানাবলী | চাহিদাপত্র শিপমেন্টের লে-ক্যান শুরু হওয়ার ন্যূনতম ২৮ (আঠাশ) দিন পূর্বে বিএসসি'র নিকট প্রেরণ করা বাঞ্চনীয়। | কৃষি এবং জ্বালানী মন্ত্রণালয়<br><br>মন্ত্রিপরিষদ বিভাগ | প্রস্তাবিত অনুচ্ছেদের শেষ লাইনে চাহিদাপত্র প্রেরণের সময়সীমা ২৮ দিনের পরিবর্তে ১৫/১৪ দিন রাখা যেতে পারে।<br><br>মুক্ত বাণিজ্যের যুগে শুধুমাত্র 'বিএসসি'-এর মাধ্যমে জাহাজ ভাড়া করার বিষয়টি যুক্তিযুক্ত কি-না তা পুনঃপরীক্ষা করা যেতে পারে। কোন সংবিধিবদ্ধ সংস্থা বা আধাসরকারি প্রতিষ্ঠান কোন প্রাইভেট প্রতিষ্ঠান এবং বিএসসি থেকে একই মূল্যে বা প্রায়ই একই মূল্যে জাহাজ ভাড়া পেলে 'বিএসসি'-কে অগ্রাধিকার দিতে হবে; বিষয়টি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক নীতিমালায় অন্তর্ভুক্ত করা যেতে পারে। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ২.২ | জাহাজ ভাড়াকরণ সংশ্লিষ্ট চাহিদাপত্র প্রাপ্তির পর বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রেগুলাশন, ২০০৮ এবং ক্ষেত্রমত, আন্তর্জাতিক ও দেশীয় আইন, বিধি-বিধান অনুযায়ী জাহাজ ভাড়া করার যাবতীয় কার্যক্রম সম্পাদন করবে। | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ২.৩ | পাবলিক প্রকিউরমেন্ট রেগুলাশন, ২০০৮-এর বিধি-১২ অনুযায়ী জাহাজ ভাড়াকরণ সংশ্লিষ্ট কাজ সম্পাদনের জন্যে বিএসসি কর্তৃপক্ষ ক্রয়কারী হিসেবে কাজ করবে এবং আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুসরণক্রমে জাহাজের মাধ্যমে পণ্য পরিবহন ভাড়ার অনুমোদন প্রদান, চার্টারার এর পক্ষে জাহাজ ভাড়ার চুক্তি (চার্টার পার্টি) সম্পাদন, চুক্তি পরিচালনা ও ভাড়াকৃত জাহাজের মাধ্যমে পণ্য পরিবহন সংশ্লিষ্ট কার্য বাস্তবায়ন তদারকি করবে। | বিসিআইসি | শেষ লাইনের তদারকি শব্দ বাদ দেয়া প্রয়োজন। | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ২.৪ | সম্পাদিত চুক্তির (চার্টার পার্টি) অধীন আমদানিকৃত পণ্য খালাস ও আমদানিকারক কর্তৃক পণ্য বুঝে নেয়া শেষে চার্টার পার্টির শর্ত মোতাবেক ক্রয়কার্য সমাপ্ত হয়েছে মর্মে গণ্য হবে। | বিসিআইসি | "নেয়া শেষে " শব্দদ্বয়ের পর "চার্টার পার্টিতে উল্লিখিত বিষয়াদি নিষ্পত্তি হওয়া সাপেক্ষে" শব্দগুলো সংযোজন করা প্রয়োজন। | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ২.৫ | আন্তর্জাতিক শিপিং নিয়মাবলী/অনুশীলন এর আওতায় জাহাজ ভাড়াকরণ কাজ সম্পাদনের ক্ষেত্রে জাহাজ মালিক/তাঁর প্রিন্সিপ্যালের নিকট থেকে বিএসসি ২.৫% (দুই দশমিক পাঁচ শতাংশ) হারে এড্রেস কমিশন এবং জ্বালানী পণ্য পরিবহনে সার্ভিস চার্জ ৫% (পাঁচ শতাংশ) হারে প্রাপ্য হবে। | পরিকল্পনা মন্ত্রণালয় | প্রস্তাবিত নীতিমালায় ব্যবহৃত এড্রেস কমিশন এর সংজ্ঞা প্রদান করার পক্ষে মতামত প্রদান করেন। | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ২.৬ | বিএসসি'র নিজস্ব জাহাজের মাধ্যমে সরকারি পন্য পরিবহনের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট রেগুলাশন, ২০০৮-এর বিধি ৭৬ (১) (ছ) এর আওতায় সরাসরি ক্রয় পদ্ধতি অনুসৃত হবে। | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| ৩ | জাহাজ ভাড়া করার ক্ষেত্রে অনুসরণীয় নিয়মাবলী | ৩.১ | জাহাজ ভাড়াকরণ কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিএসসি যথাযথ প্রক্রিয়া অনুসরণক্রমে বছর ভিত্তিক দেশি ও বিদেশি যোগ্যতাসম্পন্ন নতুন শিপ ব্রোকার তালিকাভুক্তিকরণ ও পুরাতন শিপ ব্রোকার এর তালিকা নবায়নপূর্বক প্রতি বছর হালনাগাদ তালিকা সংরক্ষণ করবে। তালিকাভুক্তিকরণ ফি ন্যূনতম মা.ড. ১,০০০ অথবা সমপরিমান স্থানীয় মুদ্রা এবং নবায়ন ফি ন্যূনতম মা.ড. ৫০০ অথবা সমপরিমান স্থানীয় মুদ্রা (অফেরতযোগ্য) নির্ধারণ করা যেতে পারে। | পরিকল্পনা মন্ত্রণালয় | বর্তমান তালিকাভুক্তি ফি ও নবায়ন ফি যৌক্তিকভাবে নির্ধারণ এবং অনুচ্ছেদের শেষ লাইনের শেষ অংশে "নির্ধারণ করা হবে" শব্দসমূহ সংযোজন করা প্রয়োজন। | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ৩.২ | আমদানিকারক (চার্টারার) কর্তৃক জাহাজ ভাড়াকরণ প্রস্তাব সংবলিত চাহিদাপত্র প্রাপ্তির পর কার্গো লিফটিং এর লে-ক্যান বিবেচনায় পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) বা আন্তর্জাতিক সীমিত দরপত্র পদ্ধতি (LTM) বা সুবিধাজনক উপযুক্ত পদ্ধতির মাধ্যমে বিএসসি জাহাজ ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি আহবান করবে। | কৃষি মন্ত্রণালয়<br><br>বিসিআইসি | জাহাজ ভাড়াকরণের ক্ষেত্রে বিভিন্ন দরপত্র পদ্ধতি ব্যবহারের নিমিত্ত ই-জিপি কে অগ্রাধিকার দেয়ার বিষয়টি সংযোজন করা যেতে পারে।<br>শেষ লাইনে "আহবান করবে " শব্দদ্বয়ের পর " এবং দরপত্র আহবানের পূর্বে দরপত্র দলিল সংশ্লিষ্ট অর্পণকারী সংস্থা থেকে অনুমোদন করে নিবে" মব্দগুলো সংযোজন করা প্রয়োজন। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ৩.৩ | পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর আলোকে আর্থিক প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় নির্ধারণ কমিটি, দরপত্র উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র মূল্যায়ন কমিটি গঠিত হবে। | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ৩.৪ | দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় নির্ধারণ কমিটি আন্তর্জাতিক বাজারে জাহাজ ভাড়ার হালনাগাদ তথ্য-উপাত্ত, জ্বালানি মূল্য, জাহাজ পরিচালনা খাতে দৈনিক নিশ্চিত ব্যয় (এফওসি), জ্বালানি খরচ, বন্দর খরচ, সরকারি করাদি ও আনুষংগিক অন্যান্য প্রযোজ্য বিষয়সমূহ আবশ্যিকভাবে বিবেচনা করে সকল সদস্যের স্বাক্ষরযুক্ত জাহাজ ভাড়ার দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (অনুমোদনকারীর স্বাক্ষরসহ) সিলগালা করে রাখবে, যা দরপত্র উন্মুক্তকরণ কমিটির নিকট দরপত্র খোলার প্রাক্কালে হস্তান্তর করবে এবং দরপত্র উন্মুক্তকরণ কমিটির সভায় দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ঘোষণাপূর্বক দরপত্র উন্মুক্তকরণ সিটে উহা লিপিবদ্ধ করবে। | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ৩.৫ | পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণ করে আর্থিক প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মূল্যায়ন কমিটি দরপত্র মূল্যায়ন ও সুপারিশ প্রণয়ন করবে। | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ৩.৬ | দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চার্টারার (পণ্য আমদানিকারক) এর পক্ষে বিএসসি নির্ধারিত সময়ে জাহাজ ভাড়াকরণ চুক্তি (চার্টার পার্টি) সম্পাদন করাসহ আনুষঙ্গিক যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে এবং চুক্তি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ৩.৭ | বিদেশি জাহাজ মালিক/প্রিন্সিপাল অথবা তাঁর পক্ষে দর প্রস্তাবকারী স্থানীয় ব্রোকার যদি দরপত্র দলিল বা চুক্তির (চার্টার পার্টি) শর্ত মোতাবেক কর্মসম্পাদন করতে ব্যর্থ হয় বা চুক্তি লংঘন করে বা দরপত্র প্রক্রিয়ায় কোনরূপ প্রতারণা বা জালিয়াতির আশ্রয় নিয়ে কর্মকান্ড পারচালনা করে বা | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | এরুপ কর্মকান্ড পরিচালনা করছে মর্মে প্রমাণ পাওয়া যায় তাহলে ক্রয়কারী কার্যালয় চুক্তি মোতাবেক উক্ত অভিযুক্ত ব্রোকার বা প্রিন্সিপ্যাল এর বিরূদ্ধে সংশ্লিষ্ট দরপত্র দলিল/চার্টার পার্টি, পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এবং প্রযোজ্য ক্ষেত্রে আন্তর্জাতিক ও দেশীয় আইন, বিধি-বিধান এর আলোকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। | | | দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ৩.৮ | জাহাজ ভাড়াকরণ সংক্রান্ত চুক্তি বাস্তবায়নে চার্টারার ও জাহাজ মালিকের মধ্যে কোন বিরোধ দেখা দিলে উভয় পক্ষ পারস্পরিক আলোচনার মাধ্যমে তা নিষ্পত্তি করতে পারবে। এ প্রচেষ্টা ব্যর্থ হলে তা বাংলাদেশ আর্বিট্রেশন এ্যাক্ট-২০০১ এর মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। চার্টারার (পণ্য আমদানিকারক) এর পক্ষে বিএসসি মামলা পরিচালনার যাবতীয় কার্যক্রম সম্পাদন করবে। মামলা পরিচালনার ব্যয় বাবদ প্রযোজ্য আইন খরচ/ফি চার্টারার যথাসময়ে বিএসসিকে পরিশোধ করবে। | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ৩.৯ | আন্তর্জাতিক বাজারে জাহাজ ভাড়ার হালনাগাদ তথ্যাবলি, বাংকার এর মূল্য, জাহাজ পরিচালনা খাতে দৈনিক নিশ্চিত ব্যয় (এফওসি), জাহাজ পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন রুটের অপারেশনাল খরচ, জ্বালানি খরচ, বন্দর খরচ ও শিপিং সংশ্লিষ্ট তথ্যাবলি বিএসসি নিয়মিত সংরক্ষণ করবে। এতদুদ্দেশ্যে বিএসসি ওয়ার্ল্ড স্কেল এসোসিয়েশন এর মেম্বারশিপ বলবৎ রাখাসহ শিপিং তথ্য সরবরাহকারী বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের মেম্বারশিপ (Subscription) বিএসসি বজায় রাখবে। এছাড়াও ওয়ার্ল্ড স্কেল সিডিউল বই ক্রয়সহ নৌবাণিজ্য সংশ্লিষ্ট আন্তর্জাতিক জার্নাল, প্রকাশনা ও প্রয়োজনীয় বই ক্রয় করার কাজ বিএসসি অব্যাহত রাখবে। উক্ত খাতের জন্যে বিএসসি প্রয়োজনীয় আর্থিক সংস্থান রাখবে। | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ৩.১০ | বিদেশি জাহাজ মালিক/প্রিন্সিপাল এর গ্রহণযোগ্যতা, ব্যবসায়িক প্রোফাইল, আর্থিক সক্ষমতা, জাহাজ পরিচালনা করার সক্ষমতা ইত্যাদি যাচাই করার প্রয়োজনীয়তা দেখা দিলে বিএসসি তা যুক্তরাজ্যের মেসার্স এমআরসি বিজনেস ইনফরমেশন লিঃ/বিএসসি'র পিএন্ডআই বীমাকারি বা বীমা ব্রোকারের নিকট থেকে রিপোর্ট সংগ্রহ করে সরবরাহ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ | শুধুমাত্র "মেসার্স এমআরসি বিজনেস ইনফরমেশন লিঃ এর নাম উল্লেখ করা সমীচীন হবে না। এটা উন্মুক্ত রাখা যায় কি-না তা পরীক্ষা নিরীক্ষা করা যেতে পারে। | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪ | নীতিমালা সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন | ৪.১ | অভিজ্ঞতার ধারাবাহিকতা এবং গভীরতা অর্জনের পরিক্রমায় সরকার সময়ে সময়ে জাহাজ ভাড়াকরণ নীতিমালার উপরোক্ত শর্তাবলি পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধন করার অধিকার সংরক্ষণ করে। সরকারের প্রচলিত বিধি-বিধানের সাথে এ নীতিমালার কোন অনুচ্ছেদ প্রয়োগে বা অনুসরণে বিরোধ দেখা দিলে সেক্ষেত্রে সরকার আলোচ্য নীতিমালা ব্যবহারকারী অংশীজন (Stakeholders) বা সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ এর সাথে আলোচনাক্রমে প্রযোজ্য বা অনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করতে পারবে। বর্ণিত নীতিমালার সংশোধনীটি প্রজ্ঞাপনের মাধ্যমে গেজেট আকারে প্রকাশের তারিখ হতে কার্যকর হবে। | নাই | নাই | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই। |
| | | ৪.২ | সরকারি খাতে পণ্য পরিবহনের জন্যে জাহাজ ভাড়াকরণ সংক্রান্ত বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে জারিকৃত অফিস স্মারক/চার্টারিং কমিটির Ground Rule এতদ্বারা রহিত করা হল। | পরিকল্পনা মন্ত্রণালয় | প্রস্তাবিত নীতিমালায় বর্ণিত Ground Rule এর সংজ্ঞা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের দ্বিমতসূচক মতামত নেই। |

সমুদ্র পরিবহণ অধিদপ্তরের মতামতঃ

_বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ, ৮৩'র ৬৫ ধারানুযায়ী বাংলাদেশের কোন নাগরিক, কোম্পানী অথবা অন্য কোস কর্তৃপক্ষ, ডাইরেক্টর জেনারেল শিপিং এর পূর্বানুমতি ব্যতিত জাহাজ চার্টার করতে পারবেনা। ইহা আইনের বাধ্যবাধকতা। নীতিমালাতে এমএসও ৮৩'র এই ধারাটি সংযোজন করা প্রয়োজন বলে সমুদ্র পরিবহন অধিদপ্তর মনে করে।

মন্ত্রিপরিষদ বিভাগঃ

খসড়াটি আদর্শ নীতিমালার ফরমেটে পুনর্বিন্যাস করা যেতে পারে। তাছাড়া, Rules of Business, 1996 এর Rule 10 এবং Rule 31 A যথাযথ অনুসরণ করা যেতে পারে।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ঃ

সরকারের সকল প্রতিষ্ঠান কর্তৃক, প্রয়োজনে, বিএসসি'র জাহাজ ভাড়া করা বা বিএসসি'র মাধ্যমে জাহাজ ভাড়া করার বাধ্যবাধকতা আরোপের বিষয়টি একটি গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণী বিষয়। এমতাবস্থায়, প্রশাসনিক মন্ত্রণারয়কে গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণী বিষয়ের উপর Rules of Business, 1996 অনুসরণপূর্বক যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া গেল।